# রাজশাহী সিটি কর্পোরেশন

নগর ভবন, রাজশাহী

শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি

**বিষয় ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের যোগাযোগ স্থায়ী কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব বেলাল আহম্মেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ ও সভাপতি যোগাযোগ স্থায়ী কমিটি রাজশাহী সিটি কর্পোরেশন।
তারিখ ঃ ২৪ জানুয়ারি ২০২৪ খ্রি.
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকায়
স্থান ঃ প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তরকক্ষ।

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তা বৃন্দের উপস্থিতি নিম্নরুপঃ

- জনাব বেলাল আহম্মেদ — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ ও সভাপতি, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ রজব আলী — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০১ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ কামাল হোসেন — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ আলাউদ্দীন — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩০ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব আহমদ আল মঈন — নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট 'ক'**

সভার প্রারম্ভে সভাপতি বিশেষ আমন্ত্রনে উপস্থিত জনাব নিযাম উল আযীম, সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-২১ ও প্যানেল মেয়র-০১ ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং: ১৪ জনাব আনোয়ার হোসেন সহ সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব প্রধান প্রকৌশলী ট্রেনিং এ ঢাকায় অবস্থানের কারণে জন্য নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)'কে সভার কাজ শুরুর আহবান জানান। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) উপস্থিত সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনাসহ সভা সঞ্চালনার শুরু করেন।

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সভাকে অবহিত করেন যে, রাজশাহী মহানগর এলাকার বর্জ্য ব্যবস্থাপনা, পরিবেশ উন্নয়ন, শহর আলোকায়ন, উচ্ছেদ অভিযান, ত্রাণ বিতরণ ইত্যাদি সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজে অত্যাবশ্যকীয় লজিস্টিকস সাপোর্ট হিসেবে কর্মকর্তা/বিভাগ/শাখার অনুকূলে যানবাহন/যন্ত্রপাতি প্রেরণ হয়ে থাকে। তাদের মাধ্যমে কার্যক্রম গুলি পরিচালনা যথাযথ যান/যন্ত্রাদির ব্যবহার নিশ্চিত এবং তা লগবহিতে লিপিবদ্ধ হয়ে থাকে। সে অনুযায়ী পরিবহন শাখা নির্ধারিত KPL/HPL হিসেবে জ্বালানী সরবরাহ করে থাকে। এছাড়া রাজশাহী সিটি কর্পোরেশনর যানবাহন/যন্ত্রপাতি ও এ্যাসফাল্ট প্ল্যান্ট ভাড়ায় প্রদান করে সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ে পরিবহন শাখা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রাজশাহী সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ে বৃদ্ধিতে নীতিমালার কিছু কিছু অংশ সংযোজন বিয়োজন করে বাস্তব সম্মত নীতিমালা প্রস্তুত ও বাস্তবায়ন সময়ের দাবি রাখে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়।

**আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরুপঃ**

**আলোচ্যসূচী ১: ১ম ও ২য় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**সিদ্ধান্ত :** ১ম ও ২য় সভার কার্যবিবরণী সমূহ পঠিত ও গৃহীত সুপারিশ সমূহ অগ্রগতি করার সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**আলোচ্যসূচী ২: ২য় (মুলতবী) সভার আলোচ্যসুচীসমূহের আলোচনা ও সুপারিশ গ্রহণ।**

**২ (ক) ভাড়ায় ব্যবহৃত যানবাহন/যন্ত্রপাতি/এ্যাসফাল্ট প্ল্যান্ট ইত্যাদির ভাড়া পুন: নির্ধারণ ও ব্যবহার নীতিমালা হালনাগাদকরণ প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ গ্রহণ।**

**আলোচনা:** সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) বলেন যে, পরিবহন শাখা রাজশাহী সিটি কর্পোরেশনের যানবাহন/যন্ত্রপাতি ও এ্যাসফাল্ট প্ল্যান্ট ভাড়ায় প্রদান করে রাজস্ব আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বর্তমানে রাজস্ব আয় বৃদ্ধির জন্য যানবাহন/যন্ত্রপাতির ভাড়া পুন: নির্ধারণ ও নীতিমালা হালনাগাদ করা প্রয়োজন। প্ল্যান্ট, যানবাহন ও যন্ত্রপাতিসমূহ ভাড়ায় প্রদান, ভাড়া জমা ইত্যাদি সংক্রান্ত কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী ও কর্মকর্তাগণ উল্লেখ করেন যে, দৈনিক ভাড়ার ক্ষেত্রে ঠিকদারী সাইটে কাজ না হলে ভাড়ার ২৫% অংশ জমার বিষয়টি যথাযথ বাস্তবসম্মত নয়। উপস্থিত কাউন্সিলরগণ এ শর্তের পরিবর্তন সহ এখাতে আয় বৃদ্ধিতে প্রাইভেট প্রতিষ্ঠান ও ঠিকাদার গণের যন্ত্রপাতি বৃদ্ধি পাওয়ায় প্রতিযোগিতা সৃষ্টি হয়েছে মর্মে উল্লেখ করে নিতিমালা কিছু পরিবর্তন আনার বিষয়ে মত প্রকাশ করেন। যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় ব্যবহারের জন্য হালনাগাদ খসড়া নীতিমালা নিম্নরুপে প্রস্তাব করা হয়।

| ক্র: নং | যানবাহন/যন্ত্রপাতি | ক্ষমতা | একক | হায়ার চার্জ (টাকা) | ভ্যাট ১৫% | উৎস কর ৫% | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | এ্যাসফাল্ট মিক্সিং প্ল্যান্ট | ৬৪টন/ঘন্টা | ০১টি | ৫০০০০.০০ | ৭৫০০.০০ | ২৫০০.০০ | ৬০০০০.০০ |
| ২. | পেভার মেশিন | ১২ টন | ০১টি | ১০০০০.০০ | ১৫০০.০০ | ৫০০.০০ | ১২০০০.০০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | (স্কিড ১০-১৬ ফুট) | | | | | |
| ৩. | পে-লোডার | ২.১ ঘন মিঃ (৮ টন) | ০১টি | ৮০০০.০০ | ১২০০.০০ | ৪০০.০০ | ৯৬০০.০০ |
| ৪. | ব্যাকহো লোডার | সামনে= ১.১ ঘনমিঃ<br>পেছনে=০.১৮ ঘনমিঃ | ০১টি | ৭০০০.০০ | ১০৫০.০০ | ৩৫০.০০ | ৮৪০০.০০ |
| ৫. | এক্সেভেটর (বড়) | ১.১ ঘন মিঃ | ০১টি | ১০০০০.০০ | ১৫০০.০০ | ৫০০.০০ | ১২০০০.০০ |
| ৬. | এক্সেভেটর (বড়) | ০.৯ ঘন মিঃ | ০১টি | ৮০০০.০০ | ১২০০.০০ | ৪০০.০০ | ৯৬০০.০০ |
| ৭. | এক্সেভেটর (বড়) | ০.৭ ঘন মিঃ | ০১টি | ৭০০০.০০ | ১০৫০.০০ | ৩৫০.০০ | ৮৪০০.০০ |
| ৮. | এক্সেভেটর (ছোট) | ০.৩ ঘন মিঃ | ০১টি | ৫০০০.০০ | ৭৫০.০০ | ২৫০.০০ | ৬০০০.০০ |
| ৯. | রোড রোলার (ছোট) | ৩ টন | ০১টি | ২৫০০.০০ | ৩৭৫.০০ | ১২৫.০০ | ৩০০০.০০ |
| ১০. | রোড রোলার (বড়) | ৮ টন | ০১টি | ৩৫০০.০০ | ৫২৫.০০ | ১৭৫.০০ | ৪২০০.০০ |
| ১১. | কম্বিনেশন রোলার | ৯ টন | ০১টি | ৩৫০০.০০ | ৫২৫.০০ | ১৭৫.০০ | ৪২০০.০০ |
| ১২. | টায়ার রোলার | ৮-১২ টন | ০১টি | ৫০০০.০০ | ৭৫০.০০ | ২৫০.০০ | ৬০০০.০০ |
| ১৩. | আইস্যার ট্রাক (ছোট) | ৩ টন | ০১টি | ১৮০০.০০ | ২৭০.০০ | ৯০.০০ | ২১৬০.০০ |
| ১৪. | আইস্যার ট্রাক (বড়) | ১৪.৭৫ টন | ০১টি | ৫০০০.০০ | ৭৫০.০০ | ২৫০.০০ | ৬০০০.০০ |
| ১৫. | ডি-স্ল্যাজিং ভ্যাকুম ট্যাংকার | ২০০০ লিটার | ০১টি | ১২০০.০০ | ১৮০.০০ | ৬০.০০ | ১৪৪০.০০ |
| ১৬. | লো-বেড ট্রেইলর (বড়) | ৪০ টন | ০১টি | ১০০০০.০০ | ১৫০০.০০ | ৫০০.০০ | ১২০০০.০০ |
| ১৭. | লো-বেড (বড়) | ৩০ টন | ০১টি | ৪০০০.০০ | ৬০০.০০ | ২০০.০০ | ৪৮০০.০০ |
| ১৮. | লো-বেড (বড়) | ১০ টন | ০১টি | ২০০০.০০ | ৩০০.০০ | ১০০.০০ | ২৪০০.০০ |
| ১৯. | বিটুমিন ডিষ্টিবিউটর | ৩২০০ লিটার | ০১টি | ৫০০০.০০ | ৭৫০.০০ | ২৫০.০০ | ৬০০০.০০ |
| ২০. | চেইন ড্রোজার | ২.০৪ ঘন মিঃ | ০১টি | ৭০০০.০০ | ১০৫০.০০ | ৩৫০.০০ | ৮৪০০.০০ |
| ২১. | বীমলিফটার | - | ০১টি | ২০০০.০০ | ৩০০.০০ | ১০০.০০ | ২৪০০.০০ |
| ২২. | ওয়াটার ট্যাংকার | ২৫০০লিটার | ০১টি | ৩০০০.০০ | ৪৫০.০০ | ১৫০.০০ | ৩৬০০.০০ |
| ২৩. | ওয়াটার ট্যাংকার | ৭০০০লিটার | ০১টি | ৫০০০.০০ | ৭৫০.০০ | ২৫০.০০ | ৬০০০.০০ |
| ২৪. | ওয়াটার ট্যাংকার | ৯০০০লিটার | ০১টি | ৭০০০.০০ | ১০৫০.০০ | ৩৫০.০০ | ৮৪০০.০০ |

**রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় ব্যবহারের শর্তাবলী/নিয়মাবলীঃ**

১. রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন যানবাহন/যন্ত্রপাতি ভাড়া নেওয়ার পূর্বেই ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে এবং প্রতিটি যানবহান/যন্ত্রপাতির দৈনিক নির্ধারিত ভাড়া হিসেবে মোট ভাড়া, মোট ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট ও উৎস কর অগ্রণী ব্যাংক, নগর ভবন শাখার STD-21 এ জমা প্রদান করে ব্যাংকের জমা রশিদ যান্ত্রিক শাখায় প্রেরণ করতে হবে এবং গ্যারেজ হতে যানবাহন/যন্ত্রপাতি ট্রাকযোগে অথবা লো-বেড এ বহন করতে হবে এবং কাজ শেষে একই ভাবে পৌছে দিতে হবে।

২. রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব কাজের ক্ষেত্রে যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণকারী প্রতিষ্ঠান প্রয়োজন মনে করলে উক্ত কাজের প্রকল্প পরিচালক বা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সুপারিশক্রমে ভাড়ার অর্থ, ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট, উৎস কর বিল হতে কর্তন করার শর্তে আবেদন করতে পারবে। সে প্রেক্ষিতে হিসাব বিভাগে ভাড়ার অর্থ বিল হতে কর্তন করে STD-21 এ জমা করবেন।

৩. কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত যানবাহন/যন্ত্রপাতি ও অন্যান্য সুবিধাদি ভাড়ায় গ্রহণের পূর্বেই আবেদিত দিনের/দিনগুলির মোট ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান আকারে অগ্রিম প্রদান করতে হবে।

৪. জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে একটি রেজিস্টার মেইনটেইন করত জমা থাকবে এবং যানবাহন/যন্ত্রপাতি ব্যবহার শেষে ফেরত প্রদান করার পর ব্যবহারকারীর জমাকৃত জামানত ফেরত প্রদান করতে হবে।

৫. রাজশাহী সিটি কর্পোরেশনের অধিক্ষেত্র বাইরে রাজশাহী জেলার মধ্যে প্রধান প্রকৌশলীর অনুমোদনে ভাড়ায় প্রদান করা যাবে। রাজশাহী জেলার বাইরে যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় প্রদান করতে হলে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদন প্রয়োজন হবে।

৬. রাজশাহী সিটি কর্পোরেশনের অধিক্ষেত্র এলাকার বাইরে ব্যবহারের ক্ষেত্রে গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক অনুযায়ী ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।

৭. রাজশাহী সিটি কর্পোরেশনের রাস্তা কার্পেটিং, লেভেলিং, মেরামত ও নির্মাণ কাজের গুনগত মান সুষ্ঠু ও যথাযথ রাখার লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশনের অধিক্ষেত্র এলাকায় বিভিন্ন প্রকল্পের আওতাধীন সকল কাজে কর্পোরেশনের এ্যাসফাল্ট প্ল্যান্ট ও বর্ণিত যান/যন্ত্রপাতি সমূহ বাধ্যতামূলক ভাবে ব্যবহার করতে হবে।

৮. ভাড়ায় গ্রহণকৃত যানবাহন/যন্ত্রপাতি দৈনিক ৮ ঘন্টার বেশি ব্যবহার করা যাবে না। যান্ত্রিক ক্রুটি ব্যতিরেকে মালামাল বা শ্রমিকের অভাবে বা প্রাকৃতিক দূর্যোগের কারণে সাইটে কাজ বন্ধ থাকলে ব্যবহারকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান মাননীয় মেয়র'র অনুমতি নিয়ে তা যান্ত্রিক শাখাকে অবহিত করলে সে দিনগুলির ভাড়া প্রযোজ্য হবে না।

৯. এ্যাসফাল্ট প্ল্যান্টসহ সকল প্রকার যানবাহন/যন্ত্রপাতির জ্বালানী সহ প্রয়োজনীয় লুব্রিকেন্টস এবং ছোট খাটো মেরামত কাজ বা রানিং ক্রুটির খরচ ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে বহন করতে হবে এবং যানবাহন/যন্ত্রপাতি ব্যবহারের পর তা নিজ দায়িত্বে অত্র সিটি কর্পোরেশনের পৌছে দিতে হবে।

১০. বরাদ্দকৃত সময় কোনক্রমে বাড়ানো যাবে না এবং যানবাহন/যন্ত্রপাতি ফেরত প্রদানের ব্যাপারে কোন অজর আপত্তি গ্রহন করা হবে না। তবে কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিয়ে ভাড়া প্রদান স্বাপেক্ষে বরাদ্দকৃত সময় বৃদ্ধি করা যাবে।

১১. কোন যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ভাড়ায় গ্রহণ করার পর অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট সাবলেট দিতে পারবে না। এই ধরনের কোন প্রমাণ পাওয়া গেলে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত সহ ব্যবহারকারী ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. ভাড়ায় প্রদান করার পর সাইটে/কার্যস্থলে কোন যানবাহন/যন্ত্রপাতি খারাপ বা ব্যবহার অনুপোযোগী হলে কিংবা যানবাহন/যন্ত্রপাতির কোন যন্ত্রাংশ হারিয়ে গেলে ২৪ ঘন্টার মধ্যে তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে লিখিতভাবে অবহিত করতে হবে। রাজশাহী সিটি কর্পোরেশনের কর্মকর্তার প্রতিবেদনের আলোকে গাড়ীর ক্রুটির জন্য ঠিকাদার দায়ী হলে অচল সময়ের জন্য প্রতিদিনের নির্ধারিত ভাড়া সিটি কর্পোরেশনকে প্রদান করতে হবে।

১৩. কোন যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণ করার পর পথিমধ্যে অথবা কর্মস্থলে দূর্ঘটনায় পতিত হলে তা ভাড়া গ্রহণকারী কর্তৃক উদ্ধার সরঞ্জাম দ্বারা নিজ খরচে উদ্ধার করতে হবে।

১৪. যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যানবাহনের চালক ও চালক সহকারীর কর্মস্থলে (প্রয়োজন হলে) থাকার ব্যবস্থা করতে হবে।

১৫. যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যানবাহন/যন্ত্রপাতি ব্যবহারের পর নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগে পৌছানোর ব্যবস্থা করতে হবে।

১৬. ঠিকদারের কাজের প্রস্তুতি কিংবা যোগান না থাকার কারণে ঠিকদার কর্তৃক ভাড়ায় নেয়া যানবাহন ব্যবহার করা না হলেও তার জন্য রাজশাহী সিটি কর্পোরেশনকে প্রত্যেক দিনের জন্য নির্ধারিত ভাড়া প্রদান করতে হবে।

১৭. কোন যানবাহন/যন্ত্রপাতির ধারণ ও বহন ক্ষমতার অধিক লোড নিয়ে ব্যবহৃত হলে সংশ্লিষ্ট চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১৮. যানবাহন ও যন্ত্রপাতি ব্যবহারের গেইট পাশ, প্রবেশ নির্গমণ ইত্যাদি রেজিস্টার যধারীতি লিপিবদ্ধ করতে হবে।

১৯. কোন যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় প্রদান করার পর রাজশাহী সিটি কর্পোরেশনের বিশেষ প্রয়োজনে ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট সময়ের পূর্বেই উক্ত যানবাহন/যন্ত্রপাতি ফেরত প্রদান করতে হবে।

২০. সিটি কর্পোরেশনের কাজ ব্যতিত কোন যানবাহন/যন্ত্রপাতি ভাড়া ব্যতিরেকে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রদান করা যাবে না।

**“আবেদন পত্রের নমুনা”**

তারিখ: ...............................

বরাবর,
প্রধান প্রকৌশলী
রাজশাহী সিটি কর্পোরেশন,
রাজশাহী

**বিষয়: যান/যন্ত্রপাতি ভাড়ায় নেওয়ার জন্য আবেদন।**

জনাব,
সবিনয় নিবেদন এই যে,..................................................................................................।(ঠিকানা) ........................................................... রাজশাহী'তে ....................................................... কাজের জন্য সিটি কর্পোরেশনের যান/যন্ত্রপাতির নির্ধারিত ভাড়া পরিশোধ সাপেক্ষে ....................................... (যানবাহন/যন্ত্রপাতি) ভাড়ায় নিতে ইচ্ছুক।
অতএব, জনাব আমাকে উক্ত যান/যন্ত্রপাতি ভাড়ায় প্রদান করে বাধিত করবেন।

নিবেদক,
.....................................
০১..................................

**সিদ্ধান্ত:** যানবাহন/যন্ত্রপাতি/এ্যাসফাল্ট প্ল্যান্ট ইত্যাদির ভাড়া পুন: নির্ধারণ এবং যানবাহনের নিতিমালা হালনাগাদের প্রস্তাব আগামী সাধারন সভায় উপস্থাপনের সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**২ (খ) রাসিকের নিজস্ব যানবাহন/যন্ত্রপাতিতে প্রদর্শনের জন্য স্টিকার ও সচেতনমূলক বার্তা লিখন প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ গ্রহণ।**

**আলোচনা:** নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) উল্লেখ করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনে বর্তমানে যানবাহন/যন্ত্রপাতিগুলো কর্মকর্তা পর্যায়ে, শহর আলোকায়ন, সবুজায়ন, আবর্জনা অপসারণ ও ভাড়ায় ব্যবহার হয়ে থাকে। রাসিকের যানবাহন/যন্ত্রপাতিগুলোতে রাজশাহী সিটি কর্পোরেশনের মনোগ্রাম না থাকায় দূর থেকে চেনা সম্ভব হয় না। যার ফলে রাস্তাঘাটে চলাচলের সময় অনেক ক্ষেত্রে বিপদের সম্মুখীন হওয়ার সম্ভবনা থেকে যায়। সভাপতি মহোদয়, আলোচ্যসূচীর আলোকে রাসিকের সকল প্রকার যানবাহন/যন্ত্রপাতিতে সিটি কর্পোরেশনের মনোগ্রাম সম্বলিত রেডিয়াম স্টিকার সংযোজনের বিষয়ে মতামত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** রাসিকের সকল প্রকার যানবাহন/যন্ত্রপাতিতে সিটি কর্পোরেশনের মনোগ্রাম সম্বলিত রেডিয়াম স্টিকার সংযোজনের সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**আলোচ্যসূচী ৩: ৯টি যানবাহনে বৈদ্যতিক খুচরা যন্ত্রাংশ/মালামাল ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ।**

**আলোচনা :** নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ৯টি যানবাহনের বিবরণ উল্লেখ করে সভাকে অভিহিত করেন যে, যানবাহন যন্ত্রপাতিতে বিভিন্ন ধরনের ইলেকট্রিক মালামাল সরবরাহের জন্য ৫৪,৭৪০/- (চুয়ান্ন হাজার সাতশত চল্লিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অত্র কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজটি অনুমোদন পূর্বে স্থায়ী কমিটির সুপারিশের বিষয়ে পরামর্শ প্রদান করেছেন। যানবাহনগুলি খুচরা অটোইলেকট্রিক কাজের জন্য চালকের আবেদনের ভিত্তিতে জরুরী বিবেচনায় দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অটোইলেকট্রিক মালামালগুলির ক্রুটি থাকায় সেগুলি সঠিক কাজ করে না। সিটি কর্পোরেশনের কার্যক্রম স্বাভাবিক রাখতে যানবাহনগুলি সচল রাখা প্রয়োজন। সভায় উপস্থিত সকলে এ কাজ বাস্তবায়নের বিষয়ে একমত পেশ করেন।
**সিদ্ধান্ত :** ৯টি যানবাহন/যন্ত্রপাতিতে খুচরা অটো ইলেকট্রিক যন্ত্রাংশ/মালামাল ৫৪,৭৪০/- (চুয়ান্ন হাজার সাতশত চল্লিশ) টাকার মধ্যে ক্রয়ের অনুমোদন ও PPR-08 এর ক্রয় নিতি অনুসরণে কাজ বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচী ৪: মটর সাইকেলে জ্বালানী বরাদ্দ সংক্রান্ত আলোচনা ও সুপারিশ গ্রহণ।**

**আলোচনা :** সভার এই পর্যায়ে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) যে সকল মটরসাইকেলে দাপ্তরিক জ্বালানী সরবরাহ হয়ে থাকে তার তালিকা ও প্রশাসনিক আদেশ উপস্থাপন করে বলেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের কাজের গতিশীলতা বৃদ্ধিতে বর্তমানে বিভিন্ন কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে ৬০টি মটরসাইকেলে জ্বালানি প্রদান করা হয় যার মধ্যে ৩২টি মটরসাইকেল এ ব্যক্তিগত। এগুলিতে শর্ত স্বাপেক্ষে অফিসিয়াল জ্বালানী সরবরাহ হয়ে থাকে। ইতোমধ্যে জনাব রোকনুজ্জামান টুটুল, সার্ভেয়ার তিনি রাজশাহী মহানগরীর ৩০(ত্রিশ) টি ওয়ার্ডের জমি সংক্রান্ত বিরোধ নিস্পত্তি ও সরেজমিন জমির সীমানা নির্ধারণ কাজের স্বার্থে UPPR প্রকল্পের অব্যবহৃত মটরসাইকেল নং: রাজ মেট্রো (হ)-৩১-৮৩২১ জ্বালানী সহ বরাদ্দ চেয়েছেন। এছাড়া জনাব মো: আল আমিন সরকার, ক্যামেরাম্যান মাননীয় মেয়র মহোদয়ের মাঠ পর্যায়ের সকল প্রোগ্রাম ও উন্নয়নমূলক কাজ পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ধারনে তার ব্যক্তিগত মটরসাইকেল নং: রাজ মেট্রো (ল)-১১-৪৫৯৩ এ জ্বালানী বরাদ্দের বিষয়ে আবেদন পাওয়া গেছে। সভায় উপস্থিত কাউন্সিলরগণ অস্থায়ী কর্মচারীদের অফিশিয়াল মটরসাইকেল ব্যবহার ও জ্বালানী প্রদান এবং অস্থায়ী কর্মচারীদের ব্যক্তিগত মটরসাইকেলে জ্বালানী প্রদান উভর বিষয়ে ভিন্নমত পোষণ করেন। এমন অস্থায়ী কর্মচারীদের কোনরুপ পরিবহনজনিত সুবিধা দিলে তাতে অডিট আপত্তি হতে পারে। এছাড়া এ প্রবণতা রোধ করা না হলে রাজস্ব ব্যয় অস্বাভাবিকভাবে বাড়তে পারে।

**সিদ্ধান্ত :** অডিট আপত্তি হলে সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগত দায় হিসেবে তা ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা প্রদান স্বাপেক্ষে অস্থায়ী কর্মকর্তা/কর্মচারী জনাব মো: রোকনুজ্জামান (টুটুল), সার্ভেয়ার ও জনাব মো: আল আমিন সরকার, ক্যামেরাম্যান ব্যক্তিগত মটরসাইকেলে জ্বালানী প্রদানসহ অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত মটরসাইকেলে জ্বালানী প্রদান সংক্রান্ত আবেদন আগামী সাধারন সভায় সিদ্ধান্তের জন পেশ করার সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

<u>আলোচ্যসূচী ৫:</u> বিবিধ

**আলোচনা :** সভায় জনাব মো: রজব আলী উল্লেখ করেন যে, রাজশাহী শহরের ঢাকা কোচ বাস যত্রতত্র যাত্রী উঠানামা করার জন্য কৃত্রিম যানজট সৃষ্টি হচ্ছে। যানজট নিরাসনে বাস ট্রাক চলাচল এবং পার্কিং এর জন্য ব্যবস্থা নেয়া প্রয়োজন। ঢাকা কোচগুলোকে পুরাতন টার্মিনাল হতে নওদাপাড়া বাস টার্মিনালে স্থানান্তর করার বিষয়ে সভায় মতামত প্রদান করেন এবং টার্মিনালগুলো সিটি কর্পোরেশনের হতে পরিচালনায় নেয়া যেতে পারে। ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের এলাকাতে অবস্থিত টার্মিনাল বা বাসস্ট্যান্ডগুলো সিটি কর্পোরেশন নিজস্ব তত্ত্বাবধানে পরিচালনা করেন। ঢাকা গাবতলী টার্মিনাল শহরের অদুরে স্থানান্তরের পরিকল্পনা করেছে সেরুপ রাজশাহী শহরের অদূরে টার্মিনালগুলো স্থানান্তর পরিকল্পনা করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশনের যানজট নিরাসনের জন্য বাস ও ট্রাক টার্মিনালগুলো সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে পরিচালনা করার বিষয়ে পরবর্তী সভায় আলোচ্যসূচী ভুক্তের সুপারিশ উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভার সভাপতি উল্লেখ করেন যে, রাজশাহী মহানগরীর উন্নতিতে মাননীয় মেয়র মহোদয়ের অবদান অপরিসীম। তার সঠিক দিক নির্দেশনা ও পরিকল্পনায় রাজশাহী শহর বাংলাদেশ পেরিয়ে বিশ্ব দরবারে মাথা উচুঁ করে দাড়িয়েছে। তার নিরলস পরিশ্রম ও দূর্দান্ত নেতৃত্ব শৈলীতার কারনে রাজশাহী সিটি কর্পোরেশন বেশ কিছু জাতীয় ও আন্তর্জাতিক পুরষ্কার অর্জন করতে সক্ষম হয়েছে। সভার সভাপতি মাননীয় মেয়র মহোদয়ের ভবিষ্যৎ পরিকল্পনা বাস্তবায়নে সকলের সহযোগিতা কাম্য করেন। সভাপতি মহোদয় মাননীয় মেয়র মহোদয়কে যথাযথ সম্মান প্রদর্শন করে সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(বেলাল আহম্মেদ)
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং ১৬
ও
সভাপতি, যোগাযোগ স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১২.৫০৮১.০০৬.০৬.৫৩১.২৩.১২ তারিখ : ২০.০১.২০২৪খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জনাব/বেগম -------------------------------------------------------------------সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং ---------------, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভাপতি
যোগাযোগ স্থায়ী কমিটি

স্মারক নং-৪৬.১২.৫০৮১.০০৬.০৬.৫৩১.২৩.১২ তারিখ: ২০.০১.২০২৪খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।
২। বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। উপ-সচিব (চলতি দায়িত্ব), রাজশাহী সিটি কর্পোরেশন, তাঁকে পরবর্তী সাধারণ সভায় বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।
৫। মাননীয় মেয়র এর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (ইহা মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন, (ইহা প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
৭। অফিস নথী।